# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**অনলাইন প্রাকনির্বাচনী পরীক্ষা-২০২০**

**শ্রেণি-১০ম** **বিষয় কোড: ১**

**বিষয়: বাংলা দ্বিতীয় পত্র (বহুনির্বাচনী)**

**সময়: ৩০ মিনিট** **পূর্ণমান: ৩০**

**[সবগুলো প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান=০১]**

**১। নিচের কোনটি যোগরূঢ় শব্দ ?**

**ক)** মধুর **খ)** রাজপূত **গ)** প্রবীণ **ঘ) কর্তব্য**

**২। 'আমি আজ জ্বর জ্বর বোধ করছি'। এখানে দ্বিরুক্ত শব্দ দ্বারা কী অর্থ বুঝা হয়েছে।**

**ক)** আধিক্য **খ)** ধারাবাহিকতা **গ)** অনুরূপ **ঘ)** সামান্য

**৩। কোনটি চলিত ভাষারীতির বৈশিষ্ট্য ?**

**ক)** গুরুগম্ভীর **খ)** তৎসমশব্দ বহুল

**গ)** বক্তৃতার অনুপযোগী **ঘ)** তদ্ভব শব্দ বহুল

**৪। বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মিল বন্ধনের নাম কী?**

**ক)** যোগ্যতা **খ)** আসক্তি **গ)** আকাঙ্খা **ঘ)** পূর্ণতা।

**৫। বাক্যে কারক-বিভক্তিযুক্ত পদ কোথায় বসে ?**

**ক)** প্রথমে **খ)** বিশেষ্যের পুর্বে **গ)** শেষে **ঘ)** বিশেষণের আগে।

**৬। সিদ্ধ যে আলু- আলুসিদ্ধ কী সমাস ?**

**ক)** দ্বন্দ্ব সমাস **খ)** কর্মধারায় সমাস **গ)** দ্বিগু সমাস **ঘ)** রূপক সমাস

**৭। নিচের কোনটি গুণবাচক বিশেষ্য ?**

**ক)** দর্শন **খ)** ভোজন **গ)** সমিতি **ঘ)** মধুরতা।

**৮। ত্রিশ লক্ষ শহিদের রক্তে বাংলাদেশ স্বাধীন হয়েছে। বাক্যটি কোন কালের ?**

**ক)** সাধারণ বর্তমান **খ)** পুরাঘটিত অতীত

**গ)** নিত্যবৃত্ত বর্তমান **ঘ)** পুরাঘটিত বর্তমান

**৯। কোনটি সমুদ্র শব্দের সমার্থক ?**

**ক)** তটিনী **খ)** রত্নাকর **গ)** তাদ্রি **ঘ)** পাবক।

**১০। 'যখন বিপদ আসে, তখন দুঃখ ও আসে'-বাক্যটি কোন প্রকারের?**

**ক)** সরল বাক্য **খ)** আশ্রিত বাক্য **গ)** মিশ্র বাক্য **ঘ)** যৌগিক বাক্য

**১১। 'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর'-এই বাক্যটিতে 'হারায়' শব্দটি কোন ধাতু ?**

**ক)** নাম ধাতু **খ)** বিদেশগত ধাতু

**গ)** কর্মবাচ্যের ধাতু **ঘ)** সংযোগমূলক ধাতু

**১২। সাইরেন বেজে উঠল-বাক্যের যৌগিক ক্রিয়া কোন অর্থে ব্যবহৃত হয়েছে ?**

**ক)** নিরন্তরতা **খ)** কার্যসমাপ্তি **গ)** অভ্যস্ততা **ঘ)** আকস্মিকতা

**১৩। 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো।'-বাক্যটিতে কী দোষ দেখা যায় ?**

**ক)** দুর্বোধ্যতা **খ)** উপমার ভুল প্রয়োগ **গ)** গুরুচন্ডালী **ঘ)** আকাঙ্খার ভূল

**১৪। 'তোমাকে হাঁটতে হবে।' কোন বাচ্যের উদাহরণ ?**

**ক)** কর্তৃবাচ্য **খ)** কর্মবাচ্য **গ)** কর্মকর্তৃবাচ্য **ঘ)** ভাববাচ্য

**১৫। প্রত্যক্ষ উক্তিতে চিরন্তন সত্যের উদ্ধৃতি থাকলে পরোক্ষ উক্তিতে কিসের পরিবর্তন হয় না ?**

**ক)** কর্তার **খ)** ক্রিয়ার **গ)** কালের **ঘ)** পুরুষের।

**১৬। দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলা হয় ?**

**ক)** ধ্বনি বিপর্যয় **খ)** স্বরসঙ্গতি **গ)** বিষমীভবন **ঘ)** অপিনিহিতি

**১৭। অর্থগতভাবে বাংলা ভাষার শব্দসমূহকে কয় ভাগে ভাগ করা হয়েছে ?**

**ক)** দুই **খ)** তিন **গ)** চার **ঘ)** পাঁচ

**১৮। 'মেঘে বৃষ্টি হয়'। মেঘে কোন কারকে কোন বিভক্তি ?**

**ক)** অধিকরণে ৭মী **খ)** কর্মে ৭মী **গ)** অপাদানে ৭মী **ঘ)** করণে ৭মী

**১৯। 'পরীক্ষায় সফল হও' এটি কোন ধরনের বাক্য ?**

**ক)** বিবৃতিমূলক **খ)** আদেশসূচক **গ)** বিস্ময়সূচক **ঘ)** ইচ্ছাসূচক

**২০ 'ন্যাকামিটা এমন রাখ'-এখানে 'পদাশ্রিত নির্দেশক' কী অর্থে ব্যবহৃত ?**

**ক)** নিরর্থকতা **খ)** বাহুল্যভাব **গ)** অনির্দিষ্টতা **ঘ)** নির্দিষ্টতা

**২১। কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য "ষ" হয়েছে?**

**ক)** ঋষি **খ)** আষাঢ় **গ)** কষ্ট **ঘ)** বর্ষা

**২২। "নীরব" শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি ?**

**ক)** নী +রব **খ)** নি+রব **গ)** নিঃ+রব **ঘ)** নির+অব

**২৩। বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন যতি চিহ্ন বসে ?**

**ক)** হাইফেন **খ)** কমা **গ)** দাঁড়ি **ঘ)** লোপচিহ্ন

**২৪। ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয় ?**

**ক)** ধ্বনিতত্ত্বে **খ)** শব্দতত্ত্বে **গ)** বাক্যতত্ত্বে **ঘ)** রূপতত্ত্বে

**২৫। নিচের কোন উপসর্গ গুলো তৎসম ও বাংলায় পাওয়া যায় ?**

**ক)** অ, অঘা, অজ, অনা **খ)** সু, বি, নি, আ

**গ)** আ, উপ, অপ, অপি **ঘ)** অনা, ইতি, কু, সম।

**২৬। অপত্য অর্থে প্রত্যয় যুক্ত হয়েছে কোন শব্দে ?**

**ক)** যাদব **খ)** সামাজিক **গ)** শৈশব **ঘ)** বৈষ্ণব

**২৭। কোন দুটি শব্দ কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয় ?**

**ক)** যুথ ও মালা **খ)** পাল ও যূথ **গ)** নিকর ও রাজি **ঘ)** পাল ও পুঞ্জ

**২৮। 'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে'-বাক্যে ব্যবহৃত 'হের' ধাতুটি কোন প্রকারের ?**

**ক)** আরবি **খ)** হিন্দি **গ)** ফারসি **ঘ)** অজ্ঞাত মূল

**২৯। "মরি মরি, কী সুন্দর প্রভাতের রূপ।" এ বাক্যে কোন অব্যয়ের ব্যবহার হয়েছে?**

**ক)** সমুচ্চয়ী অব্যয় **খ)** অনসর্গ অব্যয় **গ)** অনুকার অব্যয় **ঘ)** অনন্বয়ী অব্যয়

**৩০। সম্ভ্রমাত্মক মধ্য পুরুষের বর্তমান কালের অনুজ্ঞায় কোন ক্রিয়া বিভক্তি যুক্ত হয় ?**

**ক)** উন, ন **খ)** বেন, এন **গ)** ইও, ইবে **ঘ)** অ, ও